42 ইত্তেফাক
দৈনিক ইত্তেফাক
তারিখ ... 12 NOV 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6

# ঢাকা ভার্সিটিতে প্রতীক ক্লাস অনুষ্ঠিত

(ইত্তেফাক রিপোর্ট)

কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় না খুলিলেও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এবং সর্বদলীয় ছাত্র ঐক্যের আহ্বানে গতকাল রবিবার

( ১১শ পৃঃ দ্রঃ )

## ঢাকা ভার্সিটি

(১ম পৃঃ পর)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্লাস হইয়াছে। স্বাভাবিক নিয়মে সকাল ৮টায় ক্লাসের বেল বাজিয়াছে। ক্লাসে কাসে ছাত্রদের জিজ্ঞাসা ও শিক্ষকদের লেকচারের বিষয়বস্তু ছিল সমাজ, রাজনীতি ও চলমান আন্দোলন। কর্তৃপক্ষ গতকালও বিশ্ববিদ্যালয় খোলার সুস্পষ্ট ঘোষণা দেন নাই। তবে সর্বদলীয় ছাত্রঐক্য নিয়মিত ক্লাসে যোগদানের জন্য ছাত্র-ছাত্রীদের আহ্বান জানাইয়াছে।

শিক্ষাপ্রতিষ্ঠান অধ্যাদেশ অনুযায়ী আজ (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধের এক মাস মেয়াদকাল শেষ হইবে। মেয়াদ শেষের একদিন আগে অধ্যাদেশ প্রত্যাখ্যানের দাবীতে গতকাল সকালে কলাভবনে প্রথম ২টি ক্লাস সকল বিভাগের ছাত্র ছাত্রীদের জন্য উন্মুক্ত করা হয়। শিক্ষকরা কালো ব্যাজ ধারণ করিয়া ক্লাশে যান। বাংলা বিভাগের চেয়ারম্যান ডঃ আবুল কালাম মনজুর মোরশেদ ক্লাসের উদ্বোধন করেন। এই ক্লাশে 'গণতন্ত্র ও স্বৈরাচার বিরোধী' আন্দোলন প্রসঙ্গে লেকচার দিতে গিয়া বাংলার শিক্ষক ডঃ সনজিদা খাতুন ছাত্র-ছাত্রীদের উদ্দেশে বলেন, 'আমরা ছাত্র-শিক্ষক আজ একটি মহত আন্দোলনের সূচনা করিলাম।'

অপর ক্লাসটিতে রাষ্ট্র বিজ্ঞানের দুইজন শিক্ষক ফেরদৌস আহমদ, ডঃ হারুনর রশিদ গণতন্ত্র ও চলমান আন্দোলন, শীর্ষক লেকচার দেন। এই ক্লাশে ছাত্রনেতা হাবিবুর রহমান হাবিব, নাজমুল হক প্রধান, নূর আহমেদ বকুল, আব্দুস সাত্তার খান, পংকজ নাথ প্রমুখ উপস্থিত ছিলেন। গতকাল মূলতঃ কলা ভবনেই বেশীর ভাগ ক্লাস হয়। ইংরেজী বিভাগের শিক্ষক ডঃ সদরুল আমিন, সাংবাদিকতা বিভাগের শিক্ষক আহাদুজ্জামান মোহাম্মদ আলী, ডঃ গোলাম রহমান, সমাজ বিজ্ঞানের শিক্ষক ডঃ রঙ্গলাল সেন, দর্শনের শিক্ষক ডঃ আমিনুল ইসলাম স্বল্প সংখ্যক ছাত্র-ছাত্রীদের নিয়া পৃথকভাবে প্রতীকী ক্লাস নেন। রাষ্ট্রবিজ্ঞানের একটি ক্লাসে 'ব্যালান্স অব পাওয়ার'. বিষয়ে অনির্ধারিত লেকচার প্রদান করা হয়। কার্জন হলে মৃত্তিকা বিজ্ঞান, ভূতত্ত্ব ও সায়েন্স এনেক্স ভবনে আইন ও অংক বিভাগে প্রতীকী ক্লাস হয়।

গতকাল প্রায় সকল বিভাগ খোলা ছিল। কলাভবনস্থ শিক্ষকদের কমনরুমে সকাল ৯টার মধ্যেই শিক্ষকদের উপস্থিতি স্বাভাবিক হইয়া উঠে। সকাল ১০টার পর মধুর কেন্টিন কলাভবনসহ ক্যাম্পাসের বিভিন্ন এলাকায় ছাত্র-ছাত্রীদের উপস্থিতি বাড়িয়া যায়। প্রতীকি ক্লাস করার পর কেহ কেহ সর্বদলীয় ছাত্র ঐক্যের মিছিলে অংশ নেয়।

গতকাল কেন্দ্রীয় লাইব্রেরী বন্ধ ছিল। তাব ছাত্র ঐক্যের দাবীর প্রেক্ষিতে কর্তৃপক্ষ সকাল দশটার পর বিশ্ববিদালয়ের সকল রুটের বাস যাতায়াতের জন্য ছাড়িয়া দিলে ছাত্র-ছাত্রীরা উচ্ছসিত হইয়া ওঠে। ৭টি বাসে একদল ছাত্র-ছাত্রী ক্যাম্পাস হইতে আনন্দ মিছিল বাহির করে। মিছিলটি শাহবাগ পল্টন, শাপলা চত্বর হইয়া জাতীয় প্রেসক্লাবে পৌঁছার পর এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। ডাকসুর পরিবহন সম্পাদক খন্দকার জাহাঙ্গীর আলম বক্তৃতা করেন। সকাল ১০টার পর ক্যাম্পাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ মোড়ে 'রাস্তা বন্ধ' ব্যারিকেড বসানো হয়। কোনপ্রকার অপ্রীতিকর ঘটনা ঘটে নাই।

এদিকে বিশ্ববিদ্যালয় খোলা ও ক্যাম্পাস পরিস্থিতি আলোচনার জন্য গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের সহিত ডাকসু সকল হল সংসদের ভিপি, জিএস ও ২২ ছাত্র সংগঠনের কেন্দ্রীয় নেতৃবৃন্দের যৌথসভা অনুষ্ঠিত হয়। ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ডাকসু ও হল সংসদ এবং ছাত্র নেতৃবৃন্দ বলেন, আমরা বিশ্ববিদ্যালয় খুলিয়া দিয়াছি। এখন প্রয়োজন হল খোলার ঘোষণা। সভায় ১৩ই নভেম্বর হলসমূহ খুলিয়া দেওয়ার ব্যাপারে ঐকমত্য প্রতিষ্ঠা হইলেও ক্যাম্পাসের নিরাপত্তা প্রসঙ্গে দ্বিমত দেখা দেওয়ায় চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয় নাই। জানা গিয়াছে, হল সংসদের কয়েকজন নেতা ক্যাম্পাসে, বিশেষ করিয়া হল এলাকায় পুলিশ মোতায়েনের দাবী করিলে সংখ্যাগরিষ্ঠরা এ ব্যাপারে দ্বিমত পোষণ করেন। সভায় সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ বলেন, ক্যাম্পাসে পুলিশের সার্বক্ষনিক প্রহরার প্রয়োজন নাই। তাহারা ছাত্র ব্রিগেড গঠনের মাধ্যমে ক্যাম্পাসের নিরাপত্তা বিধানের প্রস্তাব উত্থাপন করিয়া বলেন, —ইহার পরও প্রয়োজনে পুলিশ ডাকা যাইতে পারে। সভার সিদ্ধান্ত অনুযায়ী আজ (সোমবার) বেলা ১২টায় কর্তৃপক্ষের সহিত প্রভোষ্টদের এবং বিকাল ৪টায় সিণ্ডিকেটের জরুরী সভা হইবে। তবে গতরাতে একটি সূত্র জানায়, ক্যাম্পাসের নিরাপত্তার প্রশ্নে হল ছাত্র সংসদ নেতৃবৃন্দের মধ্যে দ্বিমত দেখা দেওয়ায় আনুষ্ঠানিকভাবে ক্লাস চালু ও হল খুলিয়া দেওয়ার বিষয়টি জটিল হইয়া দাঁড়াইয়াছে। গতকালের সভায় কর্তৃপক্ষ ক্যাম্পাসের নিরাপত্তা বিধান সম্পর্কে সুস্পষ্ট প্রস্তাব পেশের জন্য ছাত্র নেতৃবৃন্দকে ২ দিনের সময় দিয়াছে। সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করিয়া বিশ্ববিদ্যালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা বলেন, ১৪ই নভেম্বর হলসমূহ খুলিতে পারে।

এদিকে ক্লাস গ্রহণের নিয়মিত কার্যক্রম পরিচালনা করার ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আনুষ্ঠানিকভাবে কিছু জানায় নাই। সমিতির একজন কর্মকর্তা জানান, ছাত্ররা ক্লাসে আসিলেই নিয়মিত ক্লাস গ্রহণ করা হইবে।

শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ অমান্য করিয়া গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রীবৃন্দ ক্লাসে যোগ দেওয়ায় ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান এবং জি, এস খায়রুল কবীর খোকন এক বিবৃতিতে অভিনন্দন জানাইয়াছেন।

### সর্বদলীয় ছাত্র ঐক্যের বৈঠক

গতকাল সকালে ডাকসু ভবনে সর্বদলীয় ছাত্র ঐক্যের এক বৈঠকে আন্দোলনের নয়া কর্মসূচী সফল করার ব্যাপারে আলোচনা করা হয়। বৈঠক শেষে ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান সহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ শিক্ষকদের সহিত মত বিনিময় করেন।